COVID-19
ও শ্রমিকদের ক্ষতিপূরণ

NEW YORK STATE OF OPPORTUNITY. | Workers' Compensation Board

# আপনার চাকরির কারণে আপনি যদি COVID-19 এ আক্রান্ত হয়ে থাকেন এবং কাজের সময় হারিয়ে ফেলেন...

## আপনি হারানো মজুরি এবং অন্যান্য সুবিধার জন্য যোগ্য হতে পারেন।

COVID-19 এর কারণে আপনি যদি সাত দিনের বেশি কাজ করতে না পারেন এবং আপনি যদি মনে করেন যে আপনি কর্মক্ষেত্রে কোনো উন্মুক্ত উৎস থেকে আক্রান্ত হয়েছিলেন, তাহলে আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ বিমার মাধ্যমে **হারানো মজুরি সুবিধা** (এছাড়াও ক্ষতিপূরণ সুবিধা হিসাবেও পরিচিত) পাওয়ার যোগ্য হতে পারেন। আপনার চলমান (অথবা "দীর্ঘ-মেয়াদী (লং-হল)") চিকিৎসা সংক্রান্ত সমস্যা থাকলে আপনি বিনামূল্যে আজীবন চিকিৎসা সেবার জন্যও যোগ্য হতে পারেন, সেইসাথে আপনার অসুস্থতার কারণে আপনি কাজ করতে না পারার জন্য হারানো মজুরি পুনরায় পাওয়ার জন্যও যোগ্য হতে পারেন। কাজ থেকে আপনার কোনো সময় মিস করার প্রয়োজন না থাকলেও চিকিৎসা পরিষেবা হলো কর্মীদের ক্ষতিপূরণ সুবিধা।

## আপনার কাছে কোনো একটি না থাকলে আপনি বিদ্যমান দাবি অথবা দাখিলের মাধ্যমে আপনার সুবিধাগুলি নিন

আপনার যদি ইতোমধ্যেই COVID-19 এর একটি প্রতিষ্ঠিত দাবি থাকে, তাহলে যেকোনো হারানো মজুরি সুবিধা বা চলমান চিকিৎসা পরিষেবা যা সরাসরি বা ফলস্বরূপ COVID-19 এর সাথে সম্পর্কিত সেই দাবির মধ্যেই থাকে। উদাহরণস্বরূপ, প্রতিষ্ঠিত COVID-19 দাবিসহ কোনো একজনের COVID-19 এর ফলে কিডনি বা ফুসফুস সংশ্লিষ্ট সমস্যার জন্য চলমান চিকিৎসার প্রয়োজন হতে পারে বা উদ্বেগ এবং বিষণ্ণতার মতো সংশ্লিষ্ট পরিস্থিতি তৈরি হতে পারে। আপনার প্রতিষ্ঠিত কোনো দাবি না থাকলে অসুস্থতার দুই বছরের মধ্যে আপনাকে একটি দাবি দাখিল করতে হবে।

### একটি দাবি দাখিল করতে:

1. আপনার নিয়োগকর্তাকে লিখিতভাবে যত দ্রুত সম্ভব বলুন যে আপনি অসুস্থ (বা অসুস্থ ছিলেন)।
2. অনলাইনে ***কর্মচারী দাবি (ফরম C-3)*** পূরণ করুন http://wcb.ny.gov/covid-19 ঠিকানায়। এছাড়াও আপনি ওয়েবসাইট থেকে একটি কাগজের ফরম ডাউনলোড করে পূরণ করতে পারেন এবং ফরমের ঠিকানা অনুসারে NYS শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড (বোর্ড) এ পাঠাতে পারেন।
3. আপনি সময় পেলেই শ্রমিকদের ক্ষতিপূরণ পাওয়া রোগীদের চিকিৎসার জন্য অনুমোদিত একজন স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে দেখান। আপনি এখন ভিডিও বা টেলিফোনের মাধ্যমেও সেটা করতে পারেন। আপনি http://wcb.ny.gov/covid-19 ঠিকানায় বোর্ড অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর অনুসন্ধান করতে পারেন।
4. আপনার যিনি চিকিৎসা করেন সেই শ্রমিক ক্ষতিপূরণ স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে বলুন যে আপনার বিশ্বাস আপনি কর্মক্ষেত্রের একটি উন্মুক্ত উৎস থেকে COVID-19 এ আক্রান্ত হয়েছেন। আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সম্মত হলে, প্রদানকারী বিমাকারী এবং বোর্ডের কাছে একটি মেডিকেল রিপোর্ট পাঠাবেন। যদি মেডিকেল রিপোর্টে আপনার পজিটিভ COVID-19 পরীক্ষার ফলাফল অন্তর্ভুক্ত থাকে, তাহলে সেটাই সবচেয়ে ভালো হয় কিন্তু PCR পরীক্ষার মাধ্যমে বা পরীক্ষার মূল্যায়নের মাধ্যমে রোগনির্ণয় দেখানো একটি মেডিকেল রিপোর্টও ব্যবহার করা যেতে পারে।

## অন্তর্ভুক্ত করার মতো তথ্য

শ্রমিকদের বেশিরভাগই COVID-19 এর সংস্পর্শে আসার সঠিক মুহূর্ত বা পদ্ধতি নির্দেশ করতে পারে না কিন্তু আপনি যদি এমন পরিবেশে কাজ করেন যেখানে COVID-19 এর সংস্পর্শ রয়েছে বা বিদ্যমান ছিল (যেমন- হাসপাতাল, পরিবহন, মুদি দোকান বা অন্য কোথাও) তাহলে সেটি আপনি দেখাতে পারেন। আপনি কোথায় কাজ করেন, আপনি কতটা সময় ধরে কাজ করেন এবং আপনার কাজের দায়িত্ব সম্পর্কে বিশদ বিবরণ অন্তর্ভুক্ত করুন, বিশেষ করে জনসাধারণের সংস্পর্শে আসার সাথে সম্পৃক্ত বিষয়গুলি।

সকল দাবি গ্রহণ করা না হলেও, দাবি দাখিল করার ক্ষেত্রে কোনো ক্ষতি বা ঝুঁকি নেই, যদি সেটি প্রত্যাখ্যান করা হয় তারপরও।

## সহায়তা পাওয়া যায়

COVID-19 এর জন্য দাবি দাখিল সম্পর্কে আরো তথ্য http://wcb.ny.gov/covid-19 ঠিকানায় পাওয়া যায়। আপনার কোনো সমস্যা বা বাড়তি কোনো তথ্যের প্রয়োজন হলে NYS শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডে (877) 632-4996 নম্বরে কল করতে পারেন। দাবির প্রক্রিয়া সম্পর্কে তথ্য পেতে প্রতিরোধ বা বাধার সম্মুখীন হলে অথবা দাবি দায়ের করতে নিরুৎসাহিত হলে অনুগ্রহ করে আমাদের জানান। আমরা আপনাকে সহায়তা করবো। এছাড়াও আপনি AdvInjWkr@wcb.ny.gov ঠিকানায় লিখতে পারেন।

নিউইয়র্ক স্টেট ওয়ার্কারস ক্ষতিপূরণ ক্ষতিপূরণ বোর্ডের (New York State Workers' Compensation Board) সুবিধাগুলি যথাযথ বিতরণ নিশ্চিত করে এবং আইন মেনে চলার মাধ্যমে কর্মীদের এবং নিয়োগকারীদের অধিকার রক্ষা করে। ওয়ার্কার্স কম্পেন্সেশন বোর্ড সম্পর্কে আরো জানতে wcb.ny.gov দেখুন।

facebook.com/NYSWCB twitter.com/NYSWorkersComp instagram.com/nysworkerscompboard
youtube.com/newyorkstateworkerscompensationboard WCB নোটিফিকেশনের জন্য: wcb.ny.gov/Notify ঠিকানায় সাইন আপ করুন

WCB.NY.GOV